কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



হলি ডে হোম বুকিং



দর্শনীয় ভ্রমণের জায়গা-
হোটেল :- তারাপীঠ, দিঘা ,পুরী।
বাগান বাড়ি :- খেজুরি-পূর্ব মেদিনীপুর।
বুকিং এর জন্য যোগাযোগ করুন "এই যুগ" অফিসে।
ফোন নং: 9062867921।



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 29 JANUARY 2026 ,THURSDAY | ২৯ জানুয়ারি ২০২৬ ,বৃহস্পতিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-59


## বাংলার বাড়ি গ্রামীন আবাসন প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের টাকা দেওয়া হলো আলিপুরদুয়ার জেলার উপভোক্তাদের




সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২৮ জানুয়ারি : বাংলার বাড়ি গ্রামীন আবাসন প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের টাকা উপভোক্তাদের ব্যাঙ্ক একাউন্টে দেওয়া হলো। বুধবার রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় হুগলীর সিঙ্গুরের সভা থেকে এই প্রকল্পের ভার্চুয়ালি উদ্বোধন করেন। আলিপুরদুয়ার জেলা প্রশাসনের মুখ্য কার্যালয় ডুয়ার্স কন্যায় এই উপলক্ষ্যে আয়োজিত হয় এক অনুষ্ঠান। অনুষ্ঠানে উপভোক্তাদের কয়েকজনের হাতে বাংলার বাড়ি গ্রামীন আবাসন প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের প্রথম কিস্তির ষাট হাজার টাকার চেক তুলে দেওয়া হয়। উপস্থিত ছিলেন আলিপুরদুয়ার জেলা পরিষদের সভাধিপতি স্নিগ্ধা শৈব,আলিপুরদুয়ার এর জেলাশাসক আর বিমলা, জেলা পুলিশ সুপার খন্ডবাহলে উমেশ গণপত, রাজ্যসভার সাংসদ প্রকাশ চিক বরাইক, আলিপুরদুয়ার এর বিধায়ক সুমন কাঞ্জিলাল সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিগন।

## হাওড়ার উলুবেড়িয়ায় SIR শুনানিতে যাবার পথে দুর্ঘটনায় মৃত্যু বাবা সহ দুই সন্তানের




নিজস্ব সংবাদদাতা, এই যুগ , হাওড়া ,২৮ জানুয়ারি : রাজ্যের বিভিন্ন জেলায় চলছে SIR শুনানির কাজ। SIR শুনানিতে যাওয়ার পথে দুর্ঘটনায় মৃত্যু হল বাবা সহ দুই সন্তানের। গুরুতর আহত অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন মা। ঘটনাটায় মৃত শেখ সিরাজ ( ৩২) ,বাড়ি হাওড়ার ধূলাগড়ে। এবং তার দুই সন্তান শেখ রিয়াজ (৬) ও রিয়া খাতুন (৪)। শেখ সিরাজের স্ত্রী সাবিনা বেগম গুরুতর আহত অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন। জানাগেছে , বুধবার শেখ সিরাজের স্ত্রী সাবিনার SIR শুনানি ছিল বাগনান ১নং ব্লকের হাটুরিয়া ১নং গ্রাম পঞ্চায়েতে। সেই উদ্দেশ্যে রওনা দেন দুই সন্তান ও তার স্ত্রী কে নিয়ে বাইকে সিরাজ। উলুবেড়িয়া থানার বাণীতলা চেকপোস্টের কাছে পিছন থেকে লরির ধাক্কায় মর্মান্তিক দুর্ঘটনাটি ঘটে। পুলিশ ঘটনাস্থলে পৌঁছে সকলকে উদ্ধার করে উলুবেড়িয়া শরৎচন্দ্র চট্টোপাধ্যায় মেডিকেল কলেজ ও হাসপাতালে গেলে চিকিৎসকরা সিরাজ ও তার দুই সন্তান কে মৃত বলে ঘোষণা করেন। স্ত্রী সাবিনা গুরুতর আহত অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন।

## রাজ্যের মুখ্যমন্ত্রীর হাত ধরে উদ্বোধন হল বাংলার বাড়ি গ্রামীণ প্রকল্পের দ্বিতীয় পর্যায়



কনক অধিকারী ,এই যুগ ,জলপাইগুড়ি ,২৮ জানুয়ারি : বুধবার রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের হাত ধরে উদ্বোধন হল বাংলার বাড়ি গ্রামীণ প্রকল্পের দ্বিতীয় পর্যায়। ময়নাগুড়ি ব্লকের রামশাই গ্রাম পঞ্চায়েতে অনুষ্ঠিত হয়।যেখানে উপভক্তাদের পাশাপশি হাজির ছিলেন প্রচুর সাধারণ মানুষ। এদিন বাংলার বাড়ির পতাকা উত্তোলন, এর পর বৃক্ষ রোপন এবং আদিবাসী নৃত্যের মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা করা হয়। এরপর বক্তব্য রাখেন প্রশাসনিক কর্তারা। দেখানো হয় বাংলার বাড়ি গ্রামীণের একটি ভিডিও। এই মঞ্চ থেকেই এক এক করে তুলে দেওয়া হয় বাংলার বাড়ি গ্রামীণ প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের শংসাপত্র। এরপর এই প্রকল্পের একটি ট্যাবল উদ্বোধনের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

## বক্সার জঙ্গলে পাতা ট্র্যাপ ক্যামেরায় ধরা পড়লো ক্লাউডেড লেপার্ডের ছবি



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২৮ জানুয়ারি : আলিপুরদুয়ার জেলার বক্সার জঙ্গলে বন দপ্তরের পাতা ট্র্যাপ ক্যামেরায় ধরা পড়লো বিরল প্রজাতির ক্লাউডেড লেপার্ড বা মেঘলা চিতাবাঘের ছবি। বুধবার ছবি সহ এমন খবর ছড়িয়ে পড়ে বিভিন্ন সমাজ মাধ্যমে। এর আগে ট্র্যাপ ক্যামেরায় ধরা পড়েছিলো,রয়েল বেঙ্গল টাইগার এর ছবি এবার ধরা পড়লো মেঘ চিতাবাঘ বা ক্লাউডেড লেপার্ডের ছবি। বন দপ্তর সূত্রে জানানো হয়েছে এধরনের চিতাবাঘের দেখা পাওয়া যায় হিমালয়ের উচ্চতম জঙ্গলে। বক্সার জঙ্গলে এই চিতাবাঘের ছবি ট্র্যাপ ক্যামেরায় ধরা পড়ায় বন দপ্তরএর সকলে উল্লসিত। রয়েল বেঙ্গল টাইগার ও ক্লাউডেড লেপার্ডের ছবি বক্সার জঙ্গলের জীব বৈচিত্র্যের দাবীকে মান্যতা দেয় ও এসব প্রাণীর জন্য বক্সার জঙ্গলে যথাযথ পরিবেশ বর্তমান আছে এই সত্যকেও প্রতিষ্ঠা করে।

## বিজ্ঞপ্তি

*এখানে জানানো হচ্ছে যে, 01-02-2026 তারিখ থেকে, আশীর্বাদ মাইক্রো ফাইন্যান্স লিমিটেডের এমএফআই কার্যক্রম, ফোকরদোকান, বারুই পাড়া, পোষ্ট+পি.এস.- ডোমজুড়, জেলা-হাওড়া, রাজ্য-পশ্চিমবঙ্গ, পিন.-৭১১৪০৫ ফোন 747714420 পরিকাঠামোগত সুবিধার জন্য ডোমজুর শাখার নিচতলায়, ডোমজুর আমটা রোড, কাচারিবাড়ি, হাওড়া, ডাব্লিউবি-৭১১৪০৫ ফোন 7477714420 -এ স্থানান্তরিত হবে। গ্রাহকরা দয়া করে মনে রাখবেন যে গ্রাহকদের অসুবিধা এড়াতে সমস্ত প্রচেষ্টা নেওয়া হয়েছে এবং এখনও কোনও অসুবিধার সম্মুখীন হলে, সকলকে আরও নির্দেশনার জন্য নিম্নলিখিত নম্বরগুলিতে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে।

কল করুন: শাখা প্রধান নং: 7477714420

AM No : 7074958139

RM: -8539086860


## হলিডে হোম বুকিং

কম খরচে দিঘা ,পুরী , তারাপীঠে

হলিডে হোম বুকিং - ৯০৬২৮৬৭৯২১


# ত্রিপাক্ষিক বৈঠক হলো না মধু চা বাগান খোলা নিয়ে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ২৮ জানুয়ারি :তিন বছর যাবৎ বন্ধ মধু চা বাগান। বুধবার মধু চা বাগান নিয়ে আলিপুরদুয়ার শ্রমদপ্তরে বৈঠক হওয়ার কথা ছিল কিন্তু শেষ পর্যন্ত বৈঠক হলো না মালিকপক্ষ না আসায় এমনটাই জানা গেছে বাগানের চা বাগানের নেতৃত্বের সঙ্গে কথা বলে বুধবার বেলা দেড়টা নাগাদ। দীর্ঘদিন যাবত চা বাগান বন্ধ যার ফলে নতুন কোন মালিক এ বাগানে আসতে চাইছে না। আশায় ছিলেন বুধবার ত্রিপাক্ষিক বৈঠকে কোন সিদ্ধান্ত হবে কিন্তু শেষ পর্যন্ত ত্রিপাক্ষিক বৈঠক হলো না মালিকপক্ষ না আসায়।

# নিম্নমানের কাজের অভিযোগ কুমারগ্রামে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ জানুয়ারি : কুমারগ্রামের বিত্তিবাড়িতে সংকোশ নদীর বাঁধ তৈরির কাজ নিম্নমানের হচ্ছে বলে অভিযোগ উঠল। ছোট ছোট পাথর দিয়ে তৈরি করা হচ্ছে ওই নদীবাঁধ। এমনই অভিযোগ তুলে বুধবার সরব হলেন স্থানীয় বাসিন্দারা। বাসিন্দারা জানান, ছোট ছোট পাথর দিয়ে নদীবাঁধ তৈরি করা হচ্ছে। এতে বাঁধ ভেঙে যাওয়ার আশঙ্কা থাকছে। বাসিন্দারা চাইছেন, সঠিক সামগ্রী দিয়ে ওই নদীবাঁধটি তৈরি করা হোক। উল্লেখ্য, কুমারগ্রামের বিত্তিবাড়ি নদী ভাঙন কবলিত এলাকা। সংকোশ নদীর ভাঙন রুখতে রাজ্য সরকারের সেচ বিভাগের পক্ষ থেকে কয়েকমাস আগে ওই গ্রামে নদীবাঁধ তৈরির উদ্যোগ নেওয়া হয়। নদীবাঁধ তৈরির কাজ নিম্নমানের হচ্ছে বলে এদিন অভিযোগ তুলে সরব হলেন স্থানীয়রা। এদিন স্থানীয়রা নদীবাঁধ তৈরির স্থানে জমায়েত হন এবং সঠিকভাবে বাঁধ তৈরির দাবি জানান।

# জলপাইগুড়ি পুরসভার ৮ নম্বর ওয়ার্ডের তিনটি রাস্তা পথশ্রী প্রকল্পের মাধ্যমে সংস্কার করার উদ্যোগ




কনক অধিকারী, এই যুগ , জলপাইগুড়ি ,২৮ জানুয়ারি : জলপাইগুড়ি পুরসভার ৮ নম্বর ওয়ার্ডের তিনটি রাস্তা পথশ্রী প্রকল্পের মাধ্যমে সংস্কার করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মঙ্গলবার বাবু ঘাটে মঞ্চ করে রাস্তার কাজের শিলান্যাশ করলেন পুরপ্রধান সৈকত চট্টোপাধ্যায় উপস্থিত ছিলেন বিভিন্ন ওয়ার্ডের পুর প্রতিনিধিরা। বাবু পাড়া মোড়ে রাস্তার কাজের বিবরণ তুলে ধরে ফলোকের উদ্বোধন করলেন পুরপ্রধান। এদিন দেড় কিলোমিটার রাস্তার কাজের শিলান্যাশ করা হয়। সম্পুর্ন রাস্তাটি পেভার ব্লকের করা হবে, অশোক চক্রবর্তী ভায়া সুখসাগর অ্যাপার্টমেন্ট ভায়া শিশুনিকেতনরোড ভায়া রত্নদীপ হোটেল হয়ে বিএড কলেজ পর্যন্ত। রাস্তা তৈরি করতে প্রায় এক কোটি ৪৩ লক্ষ টাকা খরচ করা হচ্ছে। রাস্তা সংস্কারের পাশাপাশি প্রয়াত পুরপ্রধান অসীত সেন সহ অনেকের নামে রাস্তার নামকরণ করা হবে। পুরসভার দাবি, শহরের ২৫টি ওয়ার্ডে মোট ২১ কিলোমিটার লম্বা ৪৯টি রাস্তা সংস্কার করা হচ্ছে।

# মাধ্যমিক পরীক্ষায় আশা কর্মীরা ডিউটি করবেন না



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ জানুয়ারি : মাধ্যমিক পরীক্ষার সেন্টারে কোন আশা কর্মী ডিউটি করতে যাবেন না। কর্ম বিরতি চলছে তাদের আলিপুরদুয়ার জেলার আশা কর্মীদের সম্পাদিকা এমনটাই জানিয়েছেন বুধবার বিকেলে। আশা কর্মীদের উপর নির্যাতনের অভিযোগ তুলে পুলিশের বিরুদ্ধে মিছিল করলেন শতাধিক আশা কর্মী আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের যশোডাঙ্গা এলাকায় বিক্ষোভ দেখিয়েছেন যশোডাঙ্গা গ্রামীন হাসপাতালের ক্যাম্পাসে বুধবার বেলা দুটা নাগাদ। এদিন যশোডাঙ্গা হাসপাতালে জমায়েত হয় তারা একটি মিছিল বের করেন বিভিন্ন পথ পরিক্রমা করে এই মিছিল। যদিও যশোডাঙ্গা গ্রামীণ হাসপাতালে দুপুর থেকেই পুলিশ মোতায়েন করা ছিল তবে আশা কর্মীরা অধিকাংশ সময় স্লোগান তোলেন পুলিশের বিরুদ্ধেই। ন্যায্য দাবি আদায়ের লক্ষ্যে তাদের আন্দোলন চলতেই থাকবে স্পষ্টভাবে জানিয়ে দিয়েছেন আশা কর্মীরা। উল্লেখ্যে আশা কর্মীদের বেতন বৃদ্ধি থেকে শুরু করে বিভিন্ন দাবি-দাবার ভিত্তিতে কর্মবিরতি শুরু হয়েছে ডিসেম্বর মাস থেকেই। গত কয়েকদিন আগে তারা স্বাস্থ্য ভবনে গিয়েছিলেন। কলকাতা স্বাস্থ্য ভবনে যাওয়ার পথে তাদেরকে পুলিশ বিভিন্ন স্টেশনে হয়রানি করেছে। তারই প্রতিবাদে তাদের প্রতিবাদ আরো জোরদার শুরু হয়েছে।

# ভাইকে কে খুন , গ্রেপ্তার দাদা





মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ জানুয়ারি : ভাইকে খুন করেছিল দাদা, ঘটনাটি ঘটেছিল ২৬ শে জানুয়ারি আলিপুরদুয়ার জেলার বীরপাড়া থানার একটি চা বাগান এলাকায়। বুধবার অভিযুক্তকে গ্রেফতার করেছে বীরপাড়া থানার পুলিশ এমনটাই জানা গেছে বুধবার বিকেল চারটে নাগাদ। অভিযুক্তকে গ্রেফতার করে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠানো হয়েছে বীরপাড়া থানার পুলিশের পক্ষ থেকে। অভিযুক্তর নাম রিঞ্জুস কুজুর। উল্লেখ্য মঙ্গলবার রাতে তাকে গ্রেফতার করা হয়।

# লোকালয়ে চিতাবাঘের হামলায় গুরুতর জখম হলেন এক কৃষক



কনক অধিকারী, এই যুগ , জলপাইগুড়ি ,২৮ জানুয়ারি : লোকালয়ে চিতাবাঘের হামলায় গুরুতর জখম হলেন এক কৃষক। ঘটনাটি ঘটেছে উত্তর খুট্টিমারি কান্তাইভাঙ্গা এলাকায়। আহত কৃষকের নাম প্রসেনজিৎ রায় (৩৫)। স্থানীয় সূত্রে জানা গেছে, বুধবার সরষা খেতে কাজ করার সময় হঠাৎই একটি চিতাবাঘ ঝাঁপিয়ে পড়ে প্রসেনজিৎ রায়ের উপর। আচমকা হামলায় তিনি গুরুতরভাবে আহত হন।তার মাথায়, ঘাড়ে, পিঠে চিতা বাঘ কামড়ে ধরে। তার চিৎকার শুনে আশপাশের লোকজন ছুটে এলে ছেড়ে সরষে খেতে আশ্রয় নেয়। চিতাবাঘটি এখনো গ্রামে ঘুড়ে বেড়াচ্ছে বলে দাবি স্থানীয় দের।ঘটনাস্থলে পৌঁছেছে মরাঘাট রেঞ্জের বন কর্মীরা পৌঁছেছেন ধূপগুড়ি বিধায়ক নির্মল চন্দ্র রায় এবং জেলা পরিষদ সদস্য মমতা বৈদ্য সরকার ঘটনার পর এলাকায় ব্যাপক আতঙ্ক ছড়িয়ে পড়ে। খবর পেয়ে ঘটনাস্থলে প্রচুর মানুষ ভিড় জমায়। আহত প্রসেনজিৎ রায়কে উদ্ধার করে দ্রুত ধূপগুড়ি মহকুমা হাসপাতালে নিয়ে আসা হয় ।অবস্থার অবনতি হলে প্রসেনজিৎকে রেফার করে দেওয়া হয় মালবাজার সুপার স্পেশালিটি হাসপাতালে।

# ধূপগুড়ি মহকুমা হাসপাতালে শুরু সিজারিয়ান পরিষেবা



কনক অধিকারী, এই যুগ , জলপাইগুড়ি ,২৮ জানুয়ারি : অবশেষে ধূপগুড়ি মহকুমা হাসপাতালে চালু হলো সিজারিয়ান বিভাগ ও পরিষেবা। এতদিন অন্তঃসত্ত্বা মুমূর্ষ রোগীদের সিজারিয়ান অপারেশনের প্রয়োজন হলে ছুটতে হতো জলপাইগুড়ি জেলা হাসপাতাল অথবা মালবাজার সুপার স্পেশালিটি হাসপাতালে। বুধবার থেকে এই পরিষেবা শুরু হওয়ায় ধূপগুড়ি মহকুমা এলাকার বাসিন্দাদের আর দূরে যেতে হবে না।এদিন সিজারিয়ান পরিষেবা চালু হওয়ায় ধূপগুড়ির বিধায়ক ড. নির্মল চন্দ্র রায়, জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক অসীম হালদার ও ধূপগুড়ি বিএমওএইচ ডা. অঙ্কুর চক্রবর্তীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।বুধবার পরিষেবা উদ্বোধনের সময় হাসপাতালে উপস্থিত ছিলেন জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক অসীম হালদার, ডিএমডিসি সাব্বির আহমেদ, ব্লক স্বাস্থ্য আধিকারিক ডা. অঙ্কুর চক্রবর্তী, ধূপগুড়ির বিধায়ক ড. নির্মল চন্দ্র রায়, তৃণমূল কংগ্রেসের জলপাইগুড়ি জেলা সম্পাদক রাজেশ কুমার সিং সহ একাধিক বিশিষ্টজন।ধূপগুড়ি মহকুমা হাসপাতালের উপর চিকিৎসার জন্য নির্ভর করেন ধূপগুড়ি ও বানারহাট ব্লকের মানুষজন। পাশাপাশি ২৭টি চা-বাগানের শ্রমিক পরিবার, একাধিক বনবস্তি এলাকার বাসিন্দা এবং জেলা ও দেশের শেষ প্রান্তে ভুটান সীমান্তবর্তী চামুর্চী এলাকার মানুষ এই পরিষেবায় সবচেয়ে বেশি উপকৃত হবেন।উল্লেখ্য, চামুর্চী থেকে জলপাইগুড়ি জেলা হাসপাতালের দূরত্ব প্রায় ৬৬ কিলোমিটার এবং মালবাজার সুপার স্পেশালিটি হাসপাতালের দূরত্ব প্রায় ৪৮ কিলোমিটার। মাঝামাঝি স্থানে অবস্থিত ধূপগুড়ি মহকুমা হাসপাতালে সিজারিয়ান বিভাগ চালু হওয়ায় স্বাভাবিকভাবেই অন্তঃসত্ত্বা মহিলা ও তাঁদের পরিবার বড় স্বস্তি পেলেন।জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক অসীম হালদার বলেন, "প্রাথমিকভাবে প্ল্যানিং সিজারিয়ান পরিষেবা চালু করা হলো আজ থেকে । তিনজন অন্তঃসত্ত্বা মহিলার সিজার করা হয়েছে এখানে আজ। এই সিজার পরিষেবা চালু হয় প্রায় ধূপগুড়ি মহাকুমার পাঁচ লক্ষ মানুষ উপকৃত হবেন। এতদিন অন্তঃসত্ত্বা মহিলাদের সিজারের জন্য ছুটতে হতো জলপাইগুড়ি অথবা মালবাজার। ফোন থেকে আর জলপাইগুড়ি যেতে হবে না ধূপগুড়ি থেকে সেই পরিষেবা পাবেন অন্তঃসত্ত্বা মহিলারা। "

# বাইসনের আতঙ্ক আলিপুরদুয়ার এক নম্বর ব্লকের পারপাতলাখাওয়া গ্রামে



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২৮ জানুয়ারি : বাইসনের আতঙ্ক ভহড়ালো আলিপুরদুয়ার জেলার এক নম্বর ব্লকের পারপাতলাখাওয়া গ্রামে। জানা গেছে গত শনিবার থেকেই পারপাতলা খাওয়া গ্রামের একটি গাছ বাগানকে রেস্ট হাউজ বানিয়েছে একটি বাইসন। গ্রামবাসীরা জানান কয়েকদিন ধরেই একটি বাইসন জলদাপাড়া জঙ্গল থেকে বেরিয়ে এদিক ওদিক ঘুরে আশ্রয় নেয় পার পাতলাখাওয়া গ্রামের এই গাছ বাগানটিতে। বুধবার সন্ধ্যার আগেই বাইসনটি ফালাকাটা ব্লকের বংশীধরপুর গ্রামে চলে আসে। গ্রামবাসীদের তাড়া খেয়ে বাইসনটি জঙ্গলে ঢুকে যায়। ঘন্টা খানেক বাদে বাইসনটি ফের জঙ্গল থেকে বেরিয়ে চলে আসে পার পাতলাখাওয়া গ্রামের গাছ বাগানটিতে। জঙ্গলে চলে গিয়ে ফের বাইসনটিকে গ্রামে ফেরত চলে আসতে দেখে গ্রামবাসীদের মধ্যে ব্যপক আতঙ্ক ছড়িয়েছে। বন দপ্তরের কর্মীরা এলাকায় নজরদারি চালাচ্ছেন।

# ইন্দো নেপাল সীমান্তের পানিট্যাঙ্কিতে উদ্ধার নগদ বাইশ লক্ষ পঞ্চাশ হাজার টাকা ,গ্রেপ্তার চার



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ২৮ জানুয়ারি : ইন্দো নেপাল সীমান্তের পানিট্যাঙ্কিতে মঙ্গলবার সন্ধ্যায় উদ্ধার নগদ বাইশ লক্ষ পঞ্চাশ হাজার টাকা, গ্রেপ্তার চার। জানা গেছে ইন্দো নেপাল সীমান্তে বছর ভর নজরদারি চালান সশস্ত্র সীমা বলের জওয়ানরা। মঙ্গলবার সীমান্তে রুটিন নজরদারিতে ছিলেন সশস্ত্র সীমা বল একচল্লিশ নম্বর ব্যাটালিয়নের জওয়ানরা। তারা ইন্দো নেপাল সীমান্তের খড়িবাড়ি থানার পানিট্যাঙ্কি এলাকায় নজরদারির সময় মঙ্গলবার সন্ধ্যার পর একটি সন্দেহজনক চার চাকার গাড়ি আটক করে তল্লাশী চালান। গাড়ি থেকে উদ্ধার হয় নগদ বাইশ লক্ষ পঞ্চাশ হাজার টাকা। সামনেই নেপালের সাধারন নির্বাচন। তার আগে নেপালে পাচারের পথে এই পরিমান নগদ টাকা উদ্ধারের ঘটনায় ব্যপক চাঞ্চল্য সৃষ্টি করেছে সীমান্তে। জানা গেছে সরকারি নিয়ম অনুসারে ভারত থেকে পনেরো হাজার টাকা নেপালে নিয়ে যাওয়া যায়। সেখানে এত টাকা কেন নেপালে নিয়ে যাওয়া হচ্ছিল তানিয়ে প্রশ্ন দেখা দিয়েছে। সশস্ত্র সীমা বলের জওয়ানদের অনুমান নেপালের নির্বাচনের কাজের জন্য এই টাকা পাচার করা হচ্ছিলো। উদ্ধার করা টাকা সহ গাড়িটি বাজেয়াপ্ত করে গাড়িতে থাকা চার জনকে আটক করে পুলিশের হাতে তুলে দেওয়া হয়। খড়িবাড়ি থানার পুলিশ আটক ব্যক্তিদের গ্রেপ্তার করে তাদের বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে আদালতে পাঠিয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। পুলিশ জানায় ধৃতদের মধ্যে তিনজন মেঘালয়ের ও একজন খড়িবাড়ি থানা এলাকার বাসিন্দা।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL |
PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 |
CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |